গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-৪
www.lawjusticediv.gov.bd

নম্বর : ১০.০০.০০০০.১২৮.১২.০০১.২৪.৩৩৮

তারিখ : ৫আষাঢ় ১৪৩২ / ১৯ জুন ২০২৫

বিষয় : প্রশাসনিক কর্মকর্তা পদে পদোন্নতি লক্ষ্যে বার্ষিক গোপনীয় অনুবেদন প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে নির্দেশিত হয়ে প্রশাসনিক কর্মকর্তার শূন্যপদ পদোন্নতির মাধ্যমে পূরণের লক্ষ্যে ফিডার পদধারী নাজির ও সাঁটলিপিকারদের ৫ (পাঁচ) বছরের (২০২০-২০২৪) বার্ষিক গোপনীয় অনুবেদন **(সরকারি চাকরিতে যোগদানের তারিখ, ফিডার পদে যোগদানের তারিখ, সরকারি চাকরি ও ফিডার পদে চাকরির অভিজ্ঞতা, শিক্ষাগত যোগ্যতা (পাসের সন ও সনদপত্রসহ) বিষয়ক তথ্য এবং প্রার্থীর বিরুদ্ধে কোনো বিভাগীয়/ফৌজদারি মামলা/দুদকের মামলা চলমান আছে কিনা অথবা ইতঃপূর্বে এ ধরনের কোনো মামলায় শাস্তিপ্রাপ্ত কিনা এতদ্‌বিষয়ে পৃথক প্রত্যয়নপত্র)** পত্র প্রাপ্তির ৭ (সাত) কর্মদিবসের মধ্যে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

০২। উল্লেখ্য, বিদ্যমান নিয়োগবিধি মোতাবেক নাজির পদ থেকে প্রশাসনিক কর্মকর্তা পদে পদোন্নতির জন্য শূন্যপদের সংখ্যা বেশি সংখ্যক হওয়ায় উক্ত পদে জ্যেষ্ঠতার তালিকার সকল কর্মচারী এবং সাঁটলিপিকার পদ থেকে প্রশাসনিক কর্মকর্তা পদে পদোন্নতির জন্য শূন্যপদের সংখ্যা কম সংখ্যক হওয়ায় উক্ত পদে জ্যেষ্ঠতার তালিকার ক্রমিক নম্বর ১ হতে ১০ পর্যন্ত কর্মচারীদের বার্ষিক গোপনীয় অনুবেদন আহ্বান করা হলো।

০৩। ফিডার পদধারী কোনো কর্মচারী পদোন্নতি নিতে অনিচ্ছুক মর্মে বার্ষিক গোপনীয় অনুবেদন প্রেরণ না করলে বিষয়টি লিখিতভাবে জানানোর জন্য অনুরোধ করা হলো।

স্বা./-
(মুহাম্মদ আশেকুর রহমান)
সিনিয়র সহকারী সচিব
ফোন : ২২৩৩৫৭৪১৬
Email : section4@lawjusticediv.gov.bd

নম্বর : ১০.০০.০০০০.১২৮.১২.০০১.২৪.৩৩৮/(১-২২)

তারিখ : ০৫ আষাঢ় ১৪৩২ / ১৯ জুন ২০২৫

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১. জেলা জজ, পাবনা/ খুলনা/ সুনামগঞ্জ/ বরিশাল/ লক্ষ্মীপুর/ ফেনী/ ময়মনসিংহ/ যশোর/ জয়পুরহাট/ বরগুনা/ঝিনাইদহ/ব্রাহ্মণবাড়িয়া/সিলেট/ঢাকা/সাতক্ষীরা/পঞ্চগড়/ফরিদপুর।
২. বিচারক (জেলা জজ), জননিরাপত্তা বিঘ্নকারী অপরাধ দমন ট্রাইব্যুনাল, কুমিল্লা।
৩. প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

১৯/০৬/২৫
(মুহাম্মদ আশেকুর রহমান)
সিনিয়র সহকারী সচিব